

২। বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ। আজকের এই তাৎপর্যপূর্ণ দিনে আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর নেতৃত্বে সূচিত হয়েছিল মহান স্বাধীনতা সংগ্রাম। যাঁর বলিষ্ঠ আহ্বানে সাড়া দিয়ে সেনাবাহিনীর প্রতিটি সদস্য জনগণের সাথে একাত্ম হয়ে ঝাঁপিয়ে পড়েছিল দেশকে শক্রমুক্ত করতে, যার ফলশ্রুতিতে বাংলাদেশ একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে পৃথিবীর মানচিত্রে প্রতিষ্ঠা পায়।

### ৩। বীর মুক্তিযোদ্ধা ও শহীদদের স্মরণ।

- আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি মহান স্বাধীনতা যুদ্ধে ৩০ লক্ষ শহীদদের।
- আমি গভীর শ্রদ্ধা ও বিনয়ের সাথে স্মরণ করছি সকল বীর মুক্তিযোদ্ধাদের, যাদের সুমহান আত্মত্যাগে অর্জিত হয়েছে জাতির পিতার ‘স্বপ্নের সোনার বাংলা’।